দৈনিক
ইত্তেফাক

তারিখ: 15 MAY 2016
পৃষ্ঠা: ৩ কলাম: ২

# মাদারীপুরের ডনোভান সরকারি বিদ্যালয়ে ২২ শিক্ষকের পদ শূন্য

■ মাদারীপুর প্রতিনিধি

জেলা সদরের সরকারি ডনোভান উচ্চ বিদ্যালয়ে সহকারী প্রধান শিক্ষকের একটি পদসহ ২২টি শিক্ষকের পদ বর্তমানে শূন্য রয়েছে। জেলার ঐতিহ্যবাহী এ বালিকা বিদ্যালয়ে বর্তমানে এক হাজার সাতশত ছাত্রী লেখাপড়া করছে।

বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক মো. কামাল হোসাইন জানান, জেলা সদরের একমাত্র সরকারি বালিকা বিদ্যালয়টিতে বর্তমানে সহকারী প্রধান শিক্ষক নেই। এছাড়া বাণিজ্য বিভাগসহ সহকারী শিক্ষকের ২১টি পদ শূন্য রয়েছে। বিদ্যালয়টিতে এক হাজার ৭ শতাধিক ছাত্রী লেখাপড়া করে আসছে।

স্থানীয় অভিভাবক মহল অবিলম্বে ডনোভান সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের শূন্যপদে শিক্ষক নিয়োগের আবেদন জানিয়েছেন।